

182

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 JUL 1995 ...
পৃষ্ঠা ১২ কলাম ৫

প্রধানমন্ত্রী সকাশে
জাহাঙ্গীরনগর ভাসিটির
শিক্ষক ও সিনেট
সদস্যবৃন্দ

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম
খালেদা জিয়া বিশ্ববিদ্যালয়
ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বজায়
রাখার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব
আরোপ করিয়াছেন। প্রধানমন্ত্রী
গতকাল বুধবার রাতে আন্তর্জা-
তিক সম্মেলন কেন্দ্রে (আইসিসি)
তাঁহার সহিত সাক্ষাৎ করিতে
আগত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যা-
(১১শ পৃ: ৭-এর ক: দ্র:)

প্রধানমন্ত্রী সকাশে

(শেষ পৃ: পর)

লয়ের কয়েকজন শিক্ষক ও সিনেট
সদস্যের সহিত মত বিনিময়কালে
বলেন, সরকার দেশের শিক্ষার
মানের আরও উন্নতি করার
লক্ষ্যে অব্যাহত চেষ্টা চালি-
ইতেছে। জাহাঙ্গীরনগর বিশু-
বিদ্যালয় শিক্ষক সমিতির সভা-
পতি প্রফেসর এনামুল হক খান ও
অর্থনীতি বিভাগের চেয়ারম্যান
প্রফেসর মুস্তাফিজুর রহমানের
নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও
সিনেট সদস্যগণ প্রধানমন্ত্রী খালেদা
জিয়ার নেতৃত্বের প্রতি তাঁহাদের
পূর্ণ আস্থা ব্যক্ত করেন। তাঁহারা
বিএনপি সরকারের আর্থ-সামাজিক
উন্নয়ন তৎপরতার প্রশংসা করেন
এবং বলেন, এই সরকার সুচিত
বর্তমান উন্নয়ন কার্যক্রমের প্রতি
তাঁহাদের সমর্থন অব্যাহত থাকিবে।
শিক্ষকদের মধ্যে ছিলেন প্রফেসর
আবদুল হাই, প্রফেসর আবদুল আউ-
য়াল ও প্রফেসর আবদুল মালেক।
এই সময় শিক্ষামন্ত্রী জমির উদ্দিন
সরকার এবং আমান উল্লাহ আমান
সেখানে উপস্থিত ছিলেন।